12621 12233 5000Rs.




থানা - বোলপুর
কোবালা মূল্য - ৮০,০০০, টাকা
পরিমাণ - কমবেশী ২৬ ১/২ শতক।

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM
21-12-92

---

ক্রেতা : শ্রীমতী শম্পা দেব, স্বামী - শ্রীশেখর কুমার দেব।
জাতি - ভারতীয়, ধর্ম্ম - হিন্দু, পেশা - গৃহকর্ম, সাকিম - ৬বি, বিপ্রদাস স্ট্রীট, কলিকাতা - ৭০০০০৯।

---

বিক্রেতা : ফজলুল হক, পিতা - মরহুম সেখ খোরসেদ।
জাতি - ভারতীয়, ধর্ম্ম - ইসলাম, পেশা - চাষাদি, সাকিম - বোলপুর মধ্যে খ্যাত মহল্লা ভুবনডাঙ্গা, ডাকঘর - বোলপুর, মহকুমা থানা ও সাবরেজিস্টারী - বোলপুর, জেলা - বীরভূম।

---

কস্য খোসকোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :—

জেলা - বীরভূম, থানা - বোলপুর অন্তর্গত মৌজা - বাঁধগোড়া - এর সীমানাস্থিত ২৫৫ নম্বর খতিয়ানভুক্ত ২০০ দাগের কমবেশী ৫০ শতক সম্পত্তি বাঁধগোড়া নিবাসীনি নবনীবালা দাসী স্বামী কৃশধ্বজ মন্ডল মহাশয়ার স্বত্বীয় দখলি সম্পত্তি থাকা কালে বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট

12-?? ... Dec 92

Fajlul Hoque

Rs 5000/-
1640 Dt 15.12.92

Srimati Shama Deb
W/o Sekhar Deb
of Bhubandanga
P.O. Bolpur
Birbhum

Fajlul Hoque
S/o Sk Khaleque

15.12.92

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM

14518

Abdul Salam
S/o Abdul Anisur Rahaman

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM






জরিপে উহা উপরোক্ত খতিয়ানে নবনীবালা দাসীর নামে যথাযথ ভাবে লিপিবদ্ধ হইয়া চূড়ান্ত স্বত্বলিপি প্রচারিত ও প্রকাশিত হয় । নবনীবালা দাসী তাহার উপরোক্ত দাগের সম্পত্তি বিক্রয়ের সোহরত দিলে আমি উহা বিগত সন ১৩৯১ সালের ১৪ ই বৈশাখ ইংরাজি ২৭।৪।১৯৮৪ তারিখে সম্পাদিত এবং ৪।৫।১৯৮৪ তারিখে বোলপুর সাবরেজিস্টারী অফিসে রেজিস্টারীকৃত সন ১৯৪৮ সালের ১ নম্বর বহির ৬৪ নম্বর ভল্যুমের ৪৪ হইতে ৪৮ পৃষ্ঠায় লিখিত ৪৭৭৬ নম্বর একখন্ড খোসকোবালা দলিল মূলে উপযুক্ত পণমূল্য প্রদানে খরিদ করিয়া তাহাতে স্বত্ববান ও দখলিকার রহিয়াছি । উপরোক্ত জেলা ও মৌজার সামীল ৭৭ নম্বর খতিয়ানভুক্ত ২১৫ দাগের কমবেশী ১২ শতক সম্পত্তি পূর্বে বোলপুর নিবাসী পূর্ণচন্দ্র সিংহ পিতা হরিনাথ সিংহ মহাশয়ের স্বত্বীয় দখলি সম্পত্তি থাকা কালে তিনি উহা বিক্রয়ের সোহরত দিলে ভুবনডাঙ্গা নিবাসী সন্ন্যাসী প্রামানিক মহাশয়ের পত্নী নন্দরাণী প্রামাণিক মহাশয়া উক্ত ২১৫ দাগের ভূমি সায় অন্যান্য কতক দাগের সম্পত্তি বিগত সন ১৩৬৪ সালের ১৮ ই বৈশাখ ইংরাজি ১।৫।১৯৫৭ তারিখে সম্পাদিত ও ৩।৫।১৯৫৭ তারিখে বোলপুর সাবরেজিস্টারী অফিসে রেজিস্টারীকৃত সন ১৯৫৭ সালের ১ নম্বর বহির ৩৪ নম্বর ভল্যুমের ২২৩ হইতে

পৃষ্ঠা .... ৩

641 ps 15.12.82

Srimati Shilpa [illegible] Deb

W/o. Sekhar Deb

7 Bhubandanga

Po. Bolpur

Dt Birbhum

Kerala

Po

15.12.82

| | |
|---|---|
| 640 — | B 5000=00 |
| 641 — | " 5000=00 |
| | B 10,000=00 |

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM

২২৬ পৃষ্ঠায় লিখিত ৩২৫৫ নম্বর একখন্ড খোসকোবালা দলিল মূলে উপযুক্ত পণমূল্য প্রদানে খরিদ করিয়া তাহাতে স্বত্ববতী ও দখলকারিণী থাকা কালে বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট রেকর্ডের সময় এস্টেট অ্যাকুইজিশন আইনের বিধান অনুযায়ী ৪৪ (২) এর ধারার বিধান মতে মোকর্দ্দমা করিয়া তিনি উহা নিজ নামে রেকর্ড করাইলেও ভ্রমাত্মক ভাবে বে-আইনি দখল বলিয়া রেকর্ড হইবার পর নন্দরাণী প্রামানিক মহাশয়া উপরোক্ত ২১৫ দাগের ভূমি বিক্রয়ের সোহরত দিলে আমার মাতা জায়েদা বিবি উহা বিগত সন ১৩৭৯ সালের ৩০ শে বৈশাখ ইংরাজি ১৩।৫।১৯৭২ তারিখে সম্পাদিত ও উক্ত তারিখে বোলপুর সাবরেজিস্টারী অফিসে রেজিস্টারীকৃত সন ১৯৭২ সালের ১ নম্বর বহির ৪৭ নম্বর ভল্যুমের ২৭৭ হইতে ২৭৯ পৃষ্ঠায় লিখিত ৫২৬৯ নম্বর একখন্ড খোসকোবালা দলিল মূলে উপযুক্ত পণমূল্য প্রদানে খরিদ করিয়া তাহাতে স্বত্ববতী ও দখলকারিণী হয়েন ।

উপরোক্ত জেলা ও মৌজাদির সামীল ৬৬ নম্বর খতিয়ানভুক্ত ১৯৯ দাগের কমবেশী ৪৫ শতক সম্পত্তি খোরসেদ সেখ গোলাম নবি এবং মহম্মদ হানিফ তিন ভ্রাতার স্বত্বীয় দখলি সম্পত্তি থাকা কালে বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে উহা উপরোক্ত খতিয়ানে উপরোক্ত ব্যক্তিগণের নাম যথাযথ ভাবে লিবিবদ্ধ হইয়া চূড়ান্ত স্বত্বলিপি প্রচারিত ও প্রকাশিত হইবার পর আমার পিতা খোরসেদ সেখ মহাশয় মৃত্যুমুখে পতিত হইলে আমার মাতা জায়েদা বিবি উক্ত দাগের সম্পত্তিতে কারাজ সূত্রে যে অংশ প্রাপ্ত হয়েন তাহা মায় তাহার খরিদা ২১৫ দাগের ভূমি সহ অন্যান্য সম্পত্তি তিনি বিগত সন ১৩৯৩ সালের ৪ ঠা কার্ত্তিক ইংরাজি ২২।১০।১৯৮৬ তারিখে সম্পাদিত ও উক্ত তারিখে বোলপুর সাবরেজিস্টারী অফিসে রেজিস্টারীকৃত সন ১৯৮৬ সালের ১ নম্বর বহির ১১০১৫ নম্বর একখন্ড হেবা বিল এওয়াজ দলিল মূলে এওয়াজ গ্রহণে আমাকে দান করিয়া তাহা হইতে নি:স্বত্ববতী হয়েন এবং আমি উপরোক্ত হেবা-বিল এওয়াজ দলিল মূলে ১৯৯ দাগের সম্পত্তিতে মাতার অংশ সহ আমার নিজ অংশে এবং ২১৫ দাগের সম্পত্তিতে স্বত্ববান ও দখলিকার রহিয়াছি । উপরোক্ত দাগের সম্পত্তি সকল হাল পরচায় আমার নামে যথাযথ ভাবে লিপিবদ্ধ হইয়াছে । উপরোক্ত দাগের সম্পত্তিসকল অতীতের অবস্থানুযায়ী শুনা বা শালি বলিয়া রেকর্ড থাকিলেও উক্ত অঞ্চলে বাড়ীঘর নির্মিত হইয়া বসতি স্থাপিত হওয়ায় উহাতে বহুদিন যাবদ কোন ফসল উৎপাদিত হয় না বা ভবিষ্যতে হইবে এই প্রকার কোন সম্ভাবনা নাই । তাহাছাড়াও শান্তিনিকেতন গুরুপল্লীর পূর্ব পশ্চিমে লম্বা পীচ রাস্তা হইতে একটি ১৬' - 0" চওড়া মোরাম রাস্তা নূতন বসতি অঞ্চলের মধ্য দিয়া দক্ষিণ মুখে আসিয়া আমার ২00 দাগের উত্তর মাধায় শেষ হওয়ায় আমি আমার

পৃষ্ঠা ... ৪

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM
21.12.92

উপরোক্ত দাগের পতিত ভূমি সকল উপযুক্ত সার্ভেয়ার দ্বারা মাপজোপ মতে কতকগুলি ছোট বড় সাব প্লটে বিভক্ত করিয়াছি এবং প্রত্যেক সাব প্লটে যাতায়াত জন্য এবং জনসাধারণের ব্যবহারের জন্য উপরোক্ত ২০০ দাগের উত্তর মাথায় রক্ষিত রাস্তা হইতে সমান্তরাল ভাবে ১৬' - ০" চওড়া রাস্তার ভূমি ২১৫ দাগের দক্ষিণ মাথা পর্য্যন্ত ছাড়িয়া রাখিয়া আমি মুনাফাবিহীন তপশীলোক্ত সম্পত্তি বিক্রয়ের সোহরত দিলে আপনি উহা সর্ব্বোচ্চ ৮০,০০০, আশি হাজার টাকা মূল্যে খরিদ করিতে সম্মত হইলেন । আমি উক্ত মূল্য বর্তমান বাজার যাচাই মতে ন্যায্য ও সময়োচিত হইয়াছে জানিয়া উপরোক্ত পণে নিম্নের তপশীলে বিষদভাবে বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয় করিয়া তাহা হইতে চিরতরে নি:স্বত্ত্ব হইলাম । আপনি অদ্যকার তারিখ হইতে তপশীলোক্ত সম্পত্তিতে নিব্যূঢ় সুত্ত্বে মালিক হইয়া উহা দান বিক্রয় লিজ মর্টগেজ ইত্যাদি বিবিধ প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে উহা পুত্র পৌত্র মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত-গণ ক্রমে চিরকাল পরম সুখে যদিচ্ছা ভোগ দখল করিতে থাকুন । তাহাতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ কস্মিন কালেও কোনও প্রকার ওজর আপত্য করিতে পারিব না কি করিলেও তাহা আইনত: গ্রাহ্য হইবে না । তপশীলোক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় অবস্থায় আছে । উহা ইতিপূর্বে কোনও স্থানে কোনও প্রকার দায়গ্রস্ত কি হস্তান্তরিত করা নাই । উহা কোন দেবত্তর কি পীরোত্তর সম্পত্তি নহে কি উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ কি নীলাম বিক্রয় হয় নাই । কি উহা কোনও সরকারী বা বেসরকারী সংস্থা কর্ত্তৃক অ্যাকুইজিশন কি রিক্যুইজিশন হয় নাই কি উহাতে কোন বর্গাদার নিযুক্ত করা নাই কি বর্তমান ভূমিসংস্কার আইন অনুযায়ী আমার সিলিং বহির্ভূত কোন জমি নাই । উক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য আমি ইতিপূর্বে কাহারও সহিত কোন প্রকার চুক্তি করি নাই কি তন্মূলে কাহারও নিকট হইতে কোন বায়না গ্রহণ করি নাই । ঐ প্রকার করা কি থাকা প্রকাশ পাইলে অথবা আমার কৃতকর্মের জন্য কি সুত্ত্বের দোষে তপশীলোক্ত সম্পত্তি বা তাহার কোন অংশ হইতে নৈরাশ কি বেদখল হইলে এবং উপরোক্ত যাতায়াতী রাস্তায় যাতায়াতে কোন প্রকার বাধাপ্রাপ্ত হইলে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ আপনি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণকে পণের সমূদয় টাকা মায় আইন হারে সুদ সহ এককালীন ফেরত দিতে ও যাবতীয় ক্ষতিপূরণ করিতে বাধ্য থাকিব । তপশীলোক্ত সম্পত্তির অবস্থান সহজে বোধগম্য হইবার জন্য অত্র দলিল সহ সংযোজিত নক্সায় আপনাকে বিক্রিত ভূমি লাল রঙে রঞ্জিত করিয়া দেখানো হইল । উক্ত নক্সা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে । তপশীলোক্ত সম্পত্তির খাজনা আপনি অদ্যকার তারিখ হইতে সরকার বাহাদুরের সেরেস্তায় আদায় দিবেন এবং ইচ্ছা করিলে ভূমাধিকারীর সেরেস্তায় খারিজ করত: নিজ নামে পৃথক জমা ও পৌরসভা অফিসে হোল্ডিং

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM
21.12.92

পত্তন করাইয়া লইতে পারিবেন । তাহাতেও আমি সম্মতি দিলাম এবং ভবিষ্যতে কোন পৃথক সম্মতি দিবার আবশ্যক হইলে তাহাও দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ চিত্তে সরল অন্ত:করণে অন্যের বিনা অনুরোধে স্ব - ইচ্ছায় স্ব - জ্ঞানে এই দলিলের মর্ম সবিশেষ অবগত থাকিয়া ও পণের সমুদয় ৮০,০০০, আশি হাজার টাকা বুঝিয়া পাইয়া আমি আপনার বরাবর এই খোসকোবালা দলিল সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৩৯৯ এক হাজার তিনশত নিরানব্বই সালের ৩০ তিরিশে অগ্রহায়ন ইংরাজি ১৬।১২।১৯৯২ ষোলই ডিসেম্বর একহাজার নয়শত বিরানব্বই সাল ।

## তপশীল

জেলা - বীরভূম , থানা সাবরেজিস্টারী বোলপুর, মৌজা - বাঁধগোড়া, জে.এল. নম্বর - ১০০ একশত, আর. এস. খতিয়ান নম্বর-২৫৫ দুইশত পঞ্চান্ন, ৭৭ সাতাত্তর এবং ৬৬ ছেষট্টি ।

| দাগ নম্বর | শ্রেণী | পরিমাণ |
| --- | --- | --- |
| ২০০ দুই শত | শালি বর্তমানে বাস্তুযোগ্য পতিত | মোট কমবেশী ৫০ পঞ্চাশ শতক মধ্যে বিক্রিত পরিমাণ কমবেশী ১৪ $\frac{১}{২}$ চোদ্দ পূর্ণ এক এর দুই শতক বা ৮ আট কাঠা ১৫ পনর গোন্ডা ১১ এগার বর্গফুট বা ৬৩১১ ছয় হাজার তিনশত এগার বর্গফুট ভূমি । |
| ২১৫ দুইশত পনর | ঐ | মোট কমবেশী ১২ বার শতক মধ্যে বিক্রিত পরিমাণ কমবেশী ৭ সাত শতক বা ৪ চার কাঠা ৪ চার গোন্ডা ২৫ বর্গফুট বা ৩০৪৯ তিন হাজার উনপঞ্চাশ বর্গফুট ভূমি । |
| ১৯৯ একশত নিরানব্বই | শুনা বর্তমানে বাস্তুযোগ্য পতিত | মোট কমবেশী ৪৫ পঁয়তাল্লিশ শতক মধ্যে নিজাংশে বিক্রিত পরিমাণ কমবেশী ৫ পাঁচ শতক বা ৩ তিন কাঠা বা ২১৬০ দুই হাজার একশত ষাট বর্গফুট ভূমি । |

উপরোক্ত তিন দাগে মোট বিক্রিত পরিমাণ কমবেশী ২৬ $\frac{১}{২}$ ছাব্বিশ পূর্ণ এক এর দুই শতক বা ১৬ ষোল কাঠা বা ১১৫২০ এগার হাজার পাঁচ শত কুড়ি বর্গফুট ভূমি । যাহা অত্র দলিল সহ সংযোজিত নক্সায় লাল রঙে রঞ্জিত করিয়া দেখানো হইল ।

পৃষ্ঠা .... ৬

Additional Dist. Sub-Registrar
BOLPUR, BIRBHUM
21.12.92

## বিক্রিত ভূমির অবস্থান ও চৌহদ্দি

উত্তর বাহু পূর্ব পশ্চিমে – ১৪৬' - ৯"

দক্ষিণ বাহু পূর্ব পশ্চিমে – ১৪৬' - ৯"

পূর্ব বাহু উত্তর দক্ষিণে – ৭৮' - ৬"

পশ্চিম বাহু উত্তর দক্ষিণে – ৭৮' - ৬"

বিক্রিত ভূমির –

লাগাও উত্তরে – ২০০ দাগে অদ্য শ্রীমতী বেদপূর্ণা দত্ত মহাশয়াকে বিক্রিত কমবেশী ১১ $\frac{৩}{৪}$ শতক ভূমি।

লাগাও দক্ষিণে – আমার ২১৫ দাগের বক্রি ভূমি।

লাগাও পূর্বে – ১৯৯ দাগের বক্রি ভূমি।

লাগাও পশ্চিমে – ১৬' - ০" চওড়া যাতায়াতী রাস্তার জন্য রক্ষিত ভূমি।

ইতিমধ্যে একবন্দ ১১৫২০ বর্গফুট ভূমি বিক্রয় করা হইল।

২৫৫ নম্বর খতিয়ানের মোট জমি ৫.৭০ একর। কাত জমা শালিয়ানা ১৭.৯০ টাকা। হারাহারি খাজনা ৪৬ পয়সা। সুত্ত্ব রায়ত।

৭৭ নম্বর খতিয়ানের মোট জমি ২.৭৯ একর। সুত্ত্ব রায়ত নিষ্কর।

৬৬ নম্বর খতিয়ানের মোট জমি ৮.৫২ একর। কাত জমা শালিয়ানা ৪.৯০ টাকা। হারাহারি খাজনা ৩ পয়সা। সুত্ত্ব রায়ত মোকররী স্থিতিবান।

জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম সমাহর্তা। মোকাম সিউড়ী। জেলা - বীরভূম।

ইসাদি –

Drafted and prepared by
Binay Kumar Ghosh.
( Binay Kumar Ghosh )
Advocate,
Bolpur, Birbhum.

Typed by
Sagar Sudha Das.
( Sagarsudha Das )
Dakshinpalli, Santiniketan.

Reg—di

I

F 61

89 / 94

12233 / 92

Additional Dist. Sub-Registrar

B...

21.12.92


Additional ... Registrar

BOLPUR, BIRBHUM

28-12-92

7333/2

মৌজা- বাঁধগোড়া, জে.এল. নং-১০০
থানা- বোলপুর, জেলা- বীরভূম।




ক্রেতা:- শ্রীমতী সন্ধ্যা দেব, স্বামী- শ্রী শেখর কুমার দেব।
৬-বি. বিপ্রদাস স্ট্রীট, কলিকাতা-৭।
বিক্রেতা- ফজলুল হক, পিতা- মৃত সেখ খোরসেদ।
সাং- ভুবন ডাঙ্গা, বোলপুর, বীরভূম।
দাগ নং- ২০০ (অংশ)- পরিমাণ- ৬৩১১ ব:ফুট বা ৮ কাঠা ১৫ গণ্ডা ১১ ব:ফুট বা ১৪½ শতক
দাগ নং- ২১৫ (অংশ)- পরিমাণ- ৩০৪৯ ব:ফুট বা ৪ কাঠা ৪ গণ্ডা ২৫ ব:ফুট বা ০৭ শতক।
দাগ নং- ১৯৯ (অংশ)- পরিমাণ- ২১৬০ ব:ফুট বা ৩ কাঠা বা ০৫ শতক।
মোট পরিমাণ- ১১৫২০ ব:ফুট বা ১৬ কাঠা বা ২৬½ শতক।

লাল রং অংশ।

DRAWN BY. ISLAM. (SURVEYOR) BOLPUR.

partedam
I
E 61
9
12293
92

Additional Dist. Sub-Registrar

28-12-92